দৈনিক ইনকিলাব

তারিখ ... 03 JUL 1989 ...
পৃষ্ঠা ... 1 কলাম 5 ...

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

০৫

## পথকলি ট্রাস্ট অনুমোদন বেগম রওশন এরশাদ চেয়ার পার্সন

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ পথকলি ট্রাস্টি অনুমোদন করেছেন। এই অনুমোদনের ফলে দুঃস্থ ও অবহেলিত শিশু যারা নিজেদের ভাগ্যোন্নয়নে নিয়োজিত রয়েছে তাদের কল্যাণ সাধনের লক্ষ্যে গতকাল থেকে এই ট্রাস্ট চালু হলো। খবর বাসস'র।

প্রেসিডেন্ট বেগম রওশন এরশাদকে ট্রাস্টের চেয়ার পার্সন ও শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলামকে এর ভাইস চেয়ারম্যান করা সম্বলিত প্রস্তাব অনুমোদন করে স্বাক্ষর করেন।

সাত সদস্যবিশিষ্ট ট্রাস্ট কমিটিতে অন্যান্যের মধ্যে রয়েছেন ডঃ মিজানুর

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## পথকাল

প্রথম পৃষ্ঠার পর

রহমান শেলী, এডভোকেট রেজাউর রহমান, জাতীয় পুরস্কার বিজয়ী ফুটবলার সালাহউদ্দিন, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক এবং একজন মহিলা প্রতিনিধি।

প্রেসিডেন্ট এরশাদের সরাসরি উদ্যোগে গঠিত ট্রাস্টটি পথকলি বিদ্যালয় এবং চিকিৎসা কেন্দ্র ও প্রশিক্ষণ কেন্দ্রের মত অন্যান্য পথকলি প্রতিষ্ঠান দেখাশুনা করবে এবং যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে এগুলোর সুষ্ঠু পরিচালনার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করবে। তাছাড়া বিভিন্ন সূত্র থেকে এর তহবিল গঠন করবে। ট্রাস্টকে ফলপ্রসূ করার লক্ষ্যে এই ট্রাস্ট তার তহবিল লাভজনক খাতে বিনিয়োগ করবে। এবং পথকলিদের সার্বিক কল্যাণে প্রকল্প প্রণয়ন ও তা বাস্তবায়ন করবে। ট্রাস্ট তার সব স্থাবর ও অস্থাবর সম্পত্তির যথাযথ সংরক্ষণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

ট্রাস্ট গঠনকে অভিনন্দন জানিয়ে প্রেসিডেন্ট এরশাদ বলেন, অবহেলিত ও দুঃস্থ শিশুদের লালন-পালন করা সরকার তথা সমাজের ও বিত্তবানদের বিশেষ দায়িত্ব।

প্রেসিডেন্ট ট্রাস্টের জন্য ১৫ লাখ টাকার মঞ্জুরী ঘোষণা করেন। ট্রাস্টের প্রস্তাবাবলী স্বাক্ষরের সময় শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম উপস্থিত ছিলেন। এই মহতী উদ্যোগ গ্রহণের জন্য প্রেসিডেন্টে এরশাদকে ধন্যবাদ জানান হয়।